# আজ ঘোষণা হচ্ছে রাষ্ট্রপতি পদে বিএনপির প্রার্থীর নাম



ছবি: সংগৃহীত

রাষ্ট্রপতি নির্বাচনকে সামনে রেখে আজ বৃহস্পতিবার (১৩ আগস্ট) বিএনপির পক্ষ থেকে দলীয় প্রার্থীর নাম প্রকাশ করা হবে। মনোনয়নপত্র দাখিলের শেষ দিন হওয়ায় প্রার্থী চূড়ান্ত করার পাশাপাশি প্রয়োজনীয় আনুষ্ঠানিকতাও সম্পন্ন করবে দলটি।

দুপুর সাড়ে ১২টার দিকে সচিবালয়ে সরকারের জ্যেষ্ঠ মন্ত্রী ও বিএনপির নেতাদের নিয়ে বৈঠক করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বৈঠক শেষে রাষ্ট্রপতি পদে বিএনপির প্রার্থীর নাম প্রকাশের কথা রয়েছে। এরপর বেলা ১টার দিকে নির্বাচন কমিশনে মনোনয়নপত্র জমা দেওয়ার প্রস্তুতি নেওয়া হয়েছে।

দলীয় সূত্রের তথ্য অনুযায়ী, প্রার্থী মনোনয়নের সিদ্ধান্ত বিএনপির নীতিনির্ধারণী পর্যায়ে আগেই নেওয়া হয়েছে। দলের জাতীয় স্থায়ী কমিটি এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা বিএনপির চেয়ারম্যানের ওপর দিয়েছে। তবে সচিবালয়ের আজকের বৈঠকটিকে স্থায়ী কমিটির আনুষ্ঠানিক বৈঠক হিসেবে দেখানো হচ্ছে না।

রাষ্ট্রপতি নির্বাচনের মনোনয়ন প্রক্রিয়ায় দলের পক্ষ থেকে প্রস্তাবক ও সমর্থকের স্বাক্ষর প্রয়োজন। এ জন্য বিএনপির দুই জ্যেষ্ঠ সংসদ সদস্য মনোনীত ব্যক্তির পক্ষে প্রয়োজনীয় কাগজপত্রে স্বাক্ষর করবেন বলে জানা গেছে।

এদিকে বিএনপির ভেতরে রাষ্ট্রপতি পদে দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে প্রার্থী করার আলোচনা রয়েছে বলে রাজনৈতিক মহলে গুঞ্জন চলছে। তবে এখন পর্যন্ত বিএনপির পক্ষ থেকে এ বিষয়ে কোনো আনুষ্ঠানিক ঘোষণা দেওয়া হয়নি।

অন্যদিকে রাষ্ট্রপতি নির্বাচনে বিএনপির প্রতিদ্বন্দ্বী হিসেবে মাঠে থাকছে জামায়াতে ইসলামীর নেতৃত্বাধীন ১১ দলীয় জোট। জোটটি ইতোমধ্যে এলডিপি সভাপতি অলি আহমদকে তাদের প্রার্থী হিসেবে ঘোষণা করেছে।